

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির আগষ্ট/ ২০২১ মাসে সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ উম্মে কুলছুম বানু
ভাইস-চেয়ারম্যান মহিলা
উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

স্থানঃ উপজেলা প্রশাসন সভা কক্ষ, বিরামপুর, দিনাজপুর।
তারিখঃ ১০.০৮.২০২১ খ্রিঃ
সময়ঃ ১১.১৫ ঘটিকায়।

আলোচ্য বিষয় সমূহঃ

- ১। গত সভার কার্যবিবরণী গঠন ও অনুমোদন
- ২। উপজেলার বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি পর্যালোচনা
- ৩। বিবিধ

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরকে অনুরোধ জানান। প্রেক্ষিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। তাতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

এ পর্বে বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি নিয়ে আলোচনা শুরু হয়। আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন সম্পর্কিত বিষয় সমূহ নিয়ে উল্লেখ করা হলোঃ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উল্লেখ করেন যে, আগষ্ট/ ২০২১ মাসে বিরামপুর থানায় ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/২০০৩)এ মামলার প্রতিবেদন পাওয়া যায়নি। তবে বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু পাচার, এসিড নিক্ষেপ এবং যৌন হয়রানী, শিশু নির্যাতন বিষয়ে কোন মামলা হয়নি। উক্ত মাসে বিরামপুর উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধ করা সম্ভব হয়নি। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর জানান যে, বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, যৌন হয়রানি, নারী ও শিশু পাচার প্রতিরোধে স্থানীয় জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য করণীয় বিষয় নিয়ে আলোচনায় অংশ গ্রহণের জন্য সদস্যদের আহ্বান জানান। এ পর্বে ২ নং কাটলা ইউনিয়নের চেয়ারম্যান বলেন যে, উল্লিখিত বিষয়সমূহ নিয়ন্ত্রণের মধ্যে রাখার জন্য জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে নিয়মিত প্রতিটি ইউনিয়ন পরিষদে সভা/সেমিনার/ ওঠান বৈঠক করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সবসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন, যৌন হয়রানি, নারী ও শিশু পাচার প্রতিরোধে স্থানীয় জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য প্রথমে সীমান্তবর্তী ইউনিয়ন সমূহে (কাটলা, বিনাইল, জোতবানী) অগ্রাধিকার ভিত্তিতে ওঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য ইউনিয়ন সমূহেও পর্যাক্রমে ওঠান বৈঠক করার সিদ্ধান্ত হয়।	১। ভাইস-চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর। ২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বিরামপুর, দিনাজপুর। ৩। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
২.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর জানান যে, তার দপ্তরের মাধ্যমে মহিলাদের উন্নয়নের মাধ্যমে সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়ন হচ্ছে। তিনি জানান মহিলাদের দক্ষতা বৃদ্ধির দারিদ্রতা নিরোধনের জন্য আয়-বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (টেইলারিং ও ব্লক-বাটিক) চলমান আছে। সমাজের হত দরিদ্র মহিলাদের এ প্রশিক্ষণ গ্রহণের জন্য ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচার করার জন্য সভায় আলোচনা হয়।	সমাজের হত দরিদ্র মহিলাদের আয়-নিভরশীল করার জন্য টেইলারিং ও ব্লক-বাটিক প্রশিক্ষণ গ্রহণের ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বিরামপুর, দিনাজপুর। ২। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
৩.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উল্লেখ করেন যে, এ দপ্তরের মাধ্যমে পৌরসভায় ল্যাকটেটিং ভাতা এবং ইউনিয়ন পর্যায়ে দরিদ্র মারজন্য মাতৃ-কাল ভাতা প্রদান কমসুচি চলমান আছে। সমাজের হত দরিদ্র পরিবারের সদস্যগণ কমসুচির সুবিধাভোগী। সুবিধাভোগী যেন সখাসময়ে সরকারী সুবিধা পায় এ বিষয়ে সভায় আলোচনা হয়।	সুবিধাভোগীর নির্ভুল তালিকা সময়মতো তৈরী করে যথাসময়ে অনলাইন ডাটা এন্ট্রি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মেয়র, বিরামপুর পৌরসভা ২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বিরামপুর, দিনাজপুর। ৩। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ উম্মে কুলছুম বানু)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান মহিলা

উপজেলা পরিষদ

বিরামপুর, দিনাজপুর।